এবারও কালো দিবস পালন করবে ঢাবি

এবারও কালো দিবস পালন করবে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি)।

এ উপলক্ষে শুক্রবার অপরাজেয় বাংলার পাদদেশে সমাবেশের আয়োজন করা হয়েছে। এক বিবৃতিতে এ তথ্য জানানো হয়েছে।
২০০৭ সালের ২০-২৩ আগস্ট সেনাসমর্থিত তত্ত্বাবধায়ক সরকারের শাসনামলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষকদের গ্রেফতার, বর্বরোচিত নির্যাতনের বিচার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবিতে এ সমাবেশের আয়োজন করা হয়েছে।

কালো ব্যাজ ধারণ করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীদের সমাবেশে যোগ দেওয়ার আহ্বান জানানো হয়েছে।

২০০৭ সালের ২০-২৩ আগস্ট সেনাসমর্থিত তত্বাবধায়ক সরকারের শাসনামলে ঢাকা বিশ্ববিদ্যালয় পরিবারের উপর সংঘটিত অমানবিক, বেদনার্ত ও নিন্দনীয় ঘটনার স্মরণে এই দিবসটি প্রতিবছর পালন করা হয়ে থাকে।